

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.২৭.০০৭.১৮.৪৭৩

তারিখ: ২৩ কার্তিক ১৪২৫

০৭ নভেম্বর ২০১৮

বিষয়: নরসিংদী জেলার আলীজান জে.এম একাডেমী এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পুলক বরণ শীল ও শরীর চর্চা শিক্ষক সৈয়দ এনামুল হক এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ।

সূত্র: ১. ইউ.ও নোট নম্বর ৩৭.০০.০০০০.০৮৭.১৭.০০৩.১৮-১০৭

তারিখ : ২৭ সেপ্টেম্বর ২০১৮ খ্রি:।

২. পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং- ডিআইএ/নরসিংদী/৪৪১৯/-এস/ঢাকা: ১২৮০/২। তারিখ: ০৮/০১/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নরসিংদী জেলার আলীজান জে.এম একাডেমী এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পুলক বরণ শীল ও শরীর চর্চা শিক্ষক সৈয়দ এনামুল হক ২০১৭ সালের (৭) সাত জন এস.এস.সি পরীক্ষার্থীকে ইচ্ছাকৃতভাবে ব্যবহারিক পরীক্ষায় সর্বনিম্ন নম্বর প্রদান করেন। পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক তদন্তে উক্ত অভিযোগ প্রমাণিত হয়। এ বিষয়ে বর্ণিত দুই জন শিক্ষকের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য সুত্রোক্ত স্মারক দ্বয়ের মাধ্যমে পত্র প্রেরণ করা হয়।

২.০ এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের (স্কুল ও কলেজ) জনবলকাঠামো ও এম.পি.ও নীতিমালা-২০১৮ এর ১৮ (১) অনুযায়ী নরসিংদী জেলার আলীজান জে.এম একাডেমী এর ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক পুলক বরণ শীল ও শরীর চর্চা শিক্ষক সৈয়দ এনামুল হক এর বেতন-ভাতার সরকারি অংশ স্থগিত করে কেন তা বাতিল করা হবে না সে মর্মে কারণ দর্শানোর জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কে এবং বর্ণিত ০২ জন শিক্ষকের নিয়োগ বাতিলের জন্য ম্যানেজিং কমিটিকে নির্দেশনা প্রদানের নিমিত্তে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



৭-১১-২০১৮

মোঃ কামরুল হাসান
উপসচিব

বিতরণ :

১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা
ভবন, ঢাকা।

২) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

।

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.২৭.০০৭.১৮.৪৭৩/১(৩)


তারিখ: ২৩ কার্তিক ১৪২৫

০৭ নভেম্বর ২০১৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।

- ২) উপসচিব, অভ্যন্তরীণ নিরীক্ষা শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।



৭-১১-২০১৮

মোঃ কামরুল হাসান
উপসচিব